

## যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৭১

১/ বিবিধ

আরবী

رَحْمَةُ اللهِ مِنْ حَفْظِ لِسَانِهِ وَعِرْفِ زَمَانِهِ وَاسْتِقْامَةِ طَرِيقَتِهِ  
موضوع

أخرجه الحاكم في " تاريخه " عن ابن عباس مرفوعا كما في " الجامع الكبير " للسيوطى ( 2 / 39 ) وعذاه في " الجامع الصغير " للديلمي فقط ! قال المناوى في " فيض القدير " : " وفيه محمد بن زياد اليشكري الميمونى ، قال الذهبي في " الضعفاء " : قال أحمد : كذاب خبيث يضع الحديث . وقال الدارقطنى : كذاب . ورواه الحاكم أيضا ، وعنہ تلقاء الديلمي ، فلو عزاه المصنف للأصل لكان أولى  
قلت : بل لوحذفه منه كان أولى ، وبما نص عليه في " مقدمته " ; أنه صانه عما تفرد به  
كذاب أوضاع ، أخرى

বাংলা

১৭৭১। আল্লাহ তার প্রতি দয়া করুন যে তার যবানকে হেফায়াত করল, যে তার যুগকে চিনতে সক্ষম হল এবং  
যার তরীকা ঠিক পথে চালিত হল।

হাদীসটি বানোয়াট।

এটিকে হাকিম তার "তারীখ" গ্রন্থে ইবনু আবুস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন যেমনটি সুযুক্তীর  
"আলজামেউল কাবীর" গ্রন্থে ( ২/৩৯/১ ) এসেছে। আর তিনি "আলজামেউস সাগীর" গ্রন্থে শুধুমাত্র দাইলামীর  
উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। মানবী "ফাইয়ুল কাদীর" গ্রন্থে বলেনঃ এর সনদে মুহাম্মাদ ইবনু যিয়াদ ইয়াশকুরী  
মাইমূনী রয়েছেন। হাফিয যাহাবী "আয়যুয়াফা" গ্রন্থে বলেনঃ ইমাম আহমাদ বলেনঃ তিনি মিথ্যুক, খাবীস, হাদীস

জালকারী। দারাকুতনী বলেনঃ তিনি মিথ্যক। হাকিমও হাদীসটি বর্ণনা করেছেন, আর তার থেকে দাইলামী লাভ করেছেন। লেখক যদি মূল গ্রন্থের উন্নতিতে উল্লেখ করতেন তাহলে তাই উত্তম হতো।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি যদি তার গ্রন্থ থেকে একেবারে মুছে ফেলতেন তাহলেই বেশী উত্তম হতো। কারণ তিনি (সুযুতী) তার গ্রন্থের ভূমিকায় বলেছেন যে, তিনি তার এ গ্রন্থকে মিথ্যক অথবা জলকারীর এককভাবে বর্ণনা হতে হেফায়াত করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72654>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন